# বইয়ের তালিকা

2022-23


www.tritiyoparisar.com

তৃতীয় পরিসর


বিপণনের বাইরে

## কথা-লেখা-ভাবনার জোট

# তৃতীয় পরিসর প্রকাশিত পত্রিকা




*চর্চা* বাংলায় ভাবি— এই শব্দ দুটির মধ্যেই নিহিত আছে পত্রিকাটির জন্মবৃত্তান্ত ও তারও পূর্ববর্তী ইতিহাস। কারণে, অকারণে, জীবিকার তাগিদে— যে জন্যই হোক বাংলায় ভাবা, বাংলা চর্চা তলানিতে এসে ঠেকেছে। *চর্চা* বাঙালির সেই শিকড়ের টানটুকু বাঁচিয়ে রাখতে সচেষ্ট। শুধুমাত্র গুরুগম্ভীর গবেষণাপত্র, তথ্যনিষ্ঠ লেখালিখি নয়, এর বাইরে সহজ বাংলাতেও যে বলে, লিখে ফেলা যায় অনেক কিছু *চর্চা* তার এক দৃষ্টান্ত বললে অত্যুক্তি হয় না।





'ভবিষৎ লেখকের আঁতুড়ঘর হোক বা না হোক, পত্রিকাকে অবশ্যই হয়ে উঠতে হবে সমমনস্কের বৈঠকখানা!'— এটাই *চার্বাক*-এর বীজমন্ত্র। নতুন কিছু ভাবা, করা শুধু নয়, আরও আরও অনেকের ভাবনায় জুড়তে পারা, জুড়ে নেওয়ায় *চার্বাক* বিশ্বাসী। কলকাতা সংখ্যা, পপুলার কালচার, দেহ রাজনীতি সংখ্যার পর সদ্য প্রকাশিত মেটাফর সংখ্যার সঙ্গে পরিচিত ব্যক্তি মাত্রই জানেন এই যৌথভাবনাযাপন-এর নিরলস আয়াসের কথা।

# তৃতীয় পরিসর প্রকাশিত রাঘব বন্দ্যোপাধ্যায়-এর বই




মূল্য : ৫০০/-

চারটে আখ্যানধর্মী গল্প, সবকটির প্রেক্ষাপট নগর কলকাতা, লেখকের প্রিয় ‘ক শহর’। কিন্তু যাপনের ভিন্নতা ও কথনের অভিনবত্ব বইটিকে পৌঁছে দিয়েছে অন্যমাত্রায়।




মূল্য : ৫০/-




মূল্য : ৬৫০/-


উপন্যাস বলে অভিহিত করলেও কোনো বাঁধা ছকে এই বইয়ের বিস্তৃত পরিধিকে সীমাবদ্ধ করা সম্ভব নয়। লেখক পাঁচশো বছরের ইতিহাস এই আখ্যানে সম্পৃক্ত করেছেন সূক্ষ্মাতিসূক্ষ্ম আয়াসহীনতায়। ‘বিশ্বভুবন আদপে গল্পভুবন’– সেই বিশ্ব চরাচর এখানে উপস্থিত কাটা জিভের বয়ানে। কেন কাটা জিভ? কেনইবা দুমুখো তার সংলাপ? এর তাত্ত্বিক প্রস্থান নিয়ে বিস্তৃত আলোচনা করেছেন স্বপন চক্রবর্তী। আলোচনাটির লেখ্যরূপ *কাটা জিভের কথা: দুমুখো ভাষার দায়* রাঘব বন্দ্যোপাধ্যায়ের এই বইটির সঙ্গে সম্পূর্ণ বিনামূল্যে উপহার পাবেন পাঠক।




মূল্য : ৩০০/-

বর্তমানের ডিজিটাল দুনিয়ায় মানুষের একটাই পরিচয় সে ক্রেতা। ইচ্ছে, প্রয়োজনের ঊর্ধ্বে অনন্ত পণ্যসম্ভারে হাবুডুবু খাওয়াই তাদের প্রতিদিনের জলজ্যান্ত বাস্তব। এটাই কি তবে ভবিষ্যৎ? নাকি এর বাইরেও ঘটতে পারে এমন কিছু, যা ক্ষমতার রাজনীতি থেকে শুরু করে মুনাফার হাড়িকাঠ উপড়ে ফেলে দিতে পারে এক নিমেষে? এখানে সেই কল্পনাই করতে চেয়েছেন লেখক, যা ‘বাস্তব’-এর থেকে কোনো অংশে কম সত্য নয়।




মূল্য : ৫৫০/-

মূল্য : ৮০০/-

পীযূষ ভট্টাচার্যের 'আখ্যান সমগ্র ১' পাঁচটি উপন্যাস ও 'আখ্যান সমগ্র ২' বিভিন্ন সময়ে লেখা তাঁর পঞ্চাশটি নির্বাচিত গল্পের সংকলন। বাস্তবধর্মীতা তাঁর গল্প, উপন্যাসের জন্মজডুল বললে অত্যুক্তি হয় না। মানুষের ভিন্নতর যাপন, লোকাচারের স্মৃতি, মাটি কামড়ে পড়ে থাকার বাস্তবিক জেদ তাঁর গল্প, উপন্যাসে ভাষাশরীর পেয়েছে বরাবর।




মূল্য : ২৫০/-

বিশ শতকের একেবারে গোড়ার দিকে নিকেশ হয়ে যাওয়া এক জাতের গল্প বলিয়েরা দাস্তানগো নামে পরিচিত ছিল। না, এ দাস্তানগোই ঠিক তাদের গপ্পো নয়। নয় কি? হবেও বা। কিন্তু আমাদের দাস্তানের যাত্রা শুরু পুরানি দিল্লিতে। সময় গত শতকের নয়ের দশক। দাঙ্গা, মন্দা, খোলা বাজার আর অসংখ্য হত্যার মধ্যে ধীরে ধীরে জন্ম হচ্ছে আর এক দাস্তানগোর। শাহানামা, হামজানামা বা সিকন্দরনামা নয়– কখনও কলকাতা, কখনও দিল্লি, কখনও আলিগড়ে পাখা মেলেছে এক নব্বইনামা।




মূল্য : ২০০/-

রহস্য-রোমাঞ্চ, অ্যাডভেঞ্চার, উদ্ভট কিছু চরিত্র, অদ্ভুত তাদের কাজ-কারবার, আর সব মিলিয়ে আজগুবি অথচ মজারু নিটোল এক গল্প।




মূল্য : ২৫০/-


দেবরাজ দাশগুপ্ত-র লেখা বই দুটির নামের মধ্যেই এদের আঁতের কথা ফুটে ওঠে স্পষ্টত। যদিও অস্পষ্টতার খোঁজেই তাদের যাত্রা। যা কিছু প্রকাশ্য, ভীষণভাবে 'সত্য' স্পর্শসাধ্য অবয়ব, তার বাইরের নৈঃশব্দ্যে, অব্যক্ততায় কান পাতে এরা।





মূল্য : ৩০০/-

তাঁর গল্প গদ্যের রাশভারী ভাব ছেড়ে কবিতার সঙ্গে দোস্তি করে অনায়াসে, কুড়িয়ে নেয় অচেনা অনুভূতি, অবুঝ মনখারাপ। গল্প, কবিতা ইত্যাদি প্রভৃতি সমীকরণে লেখকের বিশ্বাস নেই, পাঠক মাত্রই তা উপলব্ধি করবেন।

**আব্দুল কাফি এবং ঋকসুন্দর বন্দ্যোপাধ্যায় সম্পাদিত ভূতের গল্পের সংকলন। আছে নাকি নেই? এইটেই ভূতের গল্পের শেষ প্রশ্ন। আছে দিকেই পাল্লা থাকে ভারি। বরাবর। আছে তো। আছেন তো তাঁরা। কিন্তু এমন আশ্চর্য এই থাকার অর্থ, যে তাজ্জব লাগে। এই থাকাটি আসলে একটি না-থাকার চিহ্নও বটে। ভূতের গল্প তাই এক অর্থে না-থাকার স্মারক।**





মূল্য : ৩৫০/-




মূল্য : ২৫০/-


বাংলাভাষায় চলচ্চিত্রালোচনা তো বটেই, চলচ্চিত্র তত্ত্বও দিব্যি শুরু হয়েছিল তিনের দশক থেকে। মুরারি ভাদুড়িকে লেখা রবীন্দ্রনাথের চিঠিটির মতো তাত্ত্বিক লেখার সূচনা কটা ভাষাতেই বা হয়েছে? ঋত্বিক ঘটক এবং সত্যজিৎ রায় দুজনেই লিখেছেন তাত্ত্বিক লেখা। লেখা পরিচালকদের প্রধান কাজ নয়, সেই তুলনায় প্রচুরই লিখেছেন তাঁরা বলতে হবে; হয়তো এইজন্যই যে সাহিত্যধর্মীতায় তাঁরা মগ্ন ছিলেন একভাবে। এই সংকলনটি কোনো চলচ্চিত্রকারের নয়, যদিও তরুণ গদ্যকার এবং কবি আদিদেব মুখোপাধ্যায় স্বল্পদৈর্ঘ্যের ছবি বানিয়ে থাকেন। এই সংকলন যে আদিদেব লিখেছেন তিনি প্রধানত দর্শক। তিনি আগামীর ছবির নির্মাতা হিসাবে লেখেননি। এই লেখাগুলি কবি ও গদ্যকারের সিনেমা পড়া হিসাবেই পড়ব।




মূল্য : ২৫০/-

দীর্ঘ দু-বছরব্যাপী চলা লকডাউন-এর অভিঘাতে পালটেছে অনেক কিছুই– আমাদের মনন, চিন্তন, পারস্পরিক সম্পর্ক। কিন্তু সেটাই শেষ কথা নয়। এই বাস্তবতার সঙ্গে, এর পরেও সম্পর্কের যে ক্রমাগত অভিযোজন, বিবর্তন, হয়ে ওঠার অবিরাম বুনন বৃত্তান্ত তাই এই বইয়ের গল্পগুলিতে ফুটিয়ে তুলেছেন সুচরিতা বন্দ্যোপাধ্যায়। বিপন্ন সময়ে দাঁড়িয়েও সম্পর্কের এহেন বহুমাত্রিক বিবরণ বইটিকে ব্যতিক্রমী হিসাবে চিহ্নিত করবে সন্দেহ নেই।

# তৃতীয় পরিসর প্রকাশিত কবিতার বই




নির্বাচিত কবিতা ২০১৮-২১

রাতুল ঘোষ

মূল্য : ২০০/-




ব্যক্তিগত জাদুকরের কাছে

নীলাঞ্জন দরিপা


মূল্য : ১৫০/-



ইশক ও ইনতিফাদা

হিয়া মুখোপাধ্যায়


মূল্য : ২০০/-



পৃথিবীর রক্তমাংস

রাতুল ঘোষ

মূল্য : ১০০/-




ওষধি বাগান

স্বপন ভট্টাচার্য


মূল্য : ১০০/-



আমি ফাটিয়ে দেব

আদিদেব মুখোপাধ্যায়


মূল্য : ২০০/-




মানুষের সামান্য কবিতা

রাতুল ঘোষ

মূল্য : ১২৫/-



লিপি ছাড়া ক্ষত আছে কিছু?

তৃষা চক্রবর্তী


মূল্য : ১২৫/-




তোমার নিস্তব্ধতা

ঋতম সেন


মূল্য : ১০০/-




মূল্য : ৫০০/-

হাজার বছরেরও বেশি পুরোনো ক্ষুদ্র কবিতা সংকলন অমরু শতক থেকে শুরু করে ষোলো শতকে সংকলিত শ্রীরূপ গোস্বামীর পদাবলি পর্যন্ত– ছটি কবিতা-সংকলন থেকে তুলে আনা প্রায় আড়াইশো নির্বাচিত শোলোক এই বইতে ধরা রাখা আছে। কোনো মহানায়কের নয়, এই আমাদের মতো নেহাত অকিঞ্চিৎকর জীবন যাদের, তাদের বেঁচে থাকার এবং মরে থাকার কথা কবিতা আকারে জমা হয়ে আছে প্রকীর্ণ শ্লোকগুলিতে। এত বছর বাদেও তাদের সুবাস মরেনি। চির অমলিন সেই সব “সুভাষিত” এই বইতে ধরা পড়েছে বাংলা তর্জমায়।

ভক্তি আর সুফি, দুই ভিন্ন ঘারানার নানবিধ উচ্চারণের বাংলা তর্জমা এখানে উপস্থাপিত হয়েছে। প্রাতিষ্ঠানিক ধর্মাচারণের বাইরে নিজেরই তৈরি করা দেবতা বা অপরের সঙ্গে শুধুমাত্র ভারতবর্ষ নয় ভারতের বাইরেও বিভিন্ন জায়গায় ভক্তি ও প্রেমের নানান সংলাপ, আলাপচারিতা এই বইয়ের দু-মলাটে উপস্থিত। হিংসা যখন মহামারির থেকেও বেশি সংক্রামক তখন এই উচ্চারণ নীরব প্রতিবাদের নামান্তর নয় কি?





মূল্য : ৫০০/-




মূল্য : ৩৫০/-

শরণকুমার লিম্বালে প্রথম দলিত নন্দনতত্ত্ব-র তাত্ত্বিক কাঠামো প্রস্তুত করেন। এই রচনায় তিনি বুদ্ধ, গান্ধি, মার্কস ও আম্বেদকরের দর্শন আলোচনা করে, বিভিন্ন বিতর্ক ও সংলাপ উত্থাপন করে দলিতের সংজ্ঞা, দলিত সাহিত্যের সংজ্ঞা, দলিত সাহিত্য রচনার পদ্ধতি, দলিত সাহিত্য বিচারের পদ্ধতি ইত্যাদি বিশ্লেষণ করেছেন। ‘তৃতীয় পরিসর’ থেকে প্রকাশিত ‘দলিত নন্দনতত্ত্ব’ বইটিতেও বাংলা ভাষায় সেই প্রয়াস জারি রাখার চেষ্টা করেছেন অনুবাদক মৃন্ময় প্রামাণিক।

নিৎশের শিক্ষা সম্পর্কিত ভাবনা-চিন্তার নির্বাচিত অংশের অনুবাদ *প্রতিশিক্ষা*। প্রায় দেড়শো বছরের পুরোনো এই পাঠ বর্তমান শিক্ষাব্যবস্থার করুণ পরিণতি প্রসঙ্গে প্রাসঙ্গিক শুধু নয়, এর বিকল্প চিন্তাও উঠে এসেছে এখানে।




মূল্য : ২৫০/-





মূল্য : ৪৫০/-

পরিচিতির নিশ্চিন্ত অভ্যাস ছেড়ে মাঝেমধ্যে বন্ধুর পথে হাঁটতে চাইলে এই কেতাব আপনার সঙ্গ দেবে শেষ পর্যন্ত, এ কথা জোরের সঙ্গে বলা যায়। কী আছে এতে, জানতে চাইলে দু-কথায় উত্তর দেওয়া খুব মুশকিল। খুদে খুদে শব্দ অনুসরণ করে ইতিহাস, গল্প, আখ্যান, রাজনীতি, স্মৃতি-বিস্মৃতি, সংলাপ, দেশ-বিদেশের সাহিত্য, স্রষ্টার কথা, সৃষ্টির নেপথ্য কাহিনি কত-কীই-না এসেছে এখানে তার ইয়ত্তা নেই।

শরীর ও মন– এই দুইয়ের তথাকথিত ফারাক, এবং শুধুমাত্র জৈব উপস্থিতিমাত্র হিসাবে শরীরকে চেনার যে রেওয়াজ তাকেই নানাদিক থেকে প্রশ্ন করতে চেয়েছে এই বই। দার্শনিক দৃষ্টিভঙ্গি থেকে শরীর ও তার রাজনৈতিকতার মতো কঠিন বিষয়কে ততোধিক সহজ ভাষায় ব্যক্ত করার চমকপ্রদ প্রয়াস এখানে লক্ষণীয়।




মূল্য : ৪০০/-





মূল্য : ৪০০/-

'...সংকলনটিতে অসুখের বিজ্ঞানকে মেধানির্ভরতায় ভরাক্রান্ত করে তোলা হয়নি। ...বস্তুত, এই লেখাগুলি সংক্রামক রোগের চর্চায় অনাগ্রহী সাধারণ পাঠককে কৌতুহলী করে তোলবার লক্ষ্যে সাময়িকীগুলিতে প্রকাশকালে যথেষ্ট সফল বিবেচিত হওয়াতে, গ্রন্থিত করার আহ্বান অনেকদিন ধরেই ছিল। আর, বিজ্ঞান তো মানুষকে বাদ দিয়ে নয়, তাই বিজ্ঞানগদ্যে সমগুরুত্বে সম্পৃক্ত রয়েছে কেবল মৃত্যু নয়, জীবনের কথাও'।

মানুষের ভাষা ব্যবহারের উপলক্ষ টেনে ডিজিটাল দুনিয়ার নানান অজানা দিক, এর নজর-দখল(দারি), সত্যি, মিথ্যে, রিয়েল, ভার্চুয়ালের একাকার মিলমিশের নেপথ্য কাহিনি তুলে ধরা হয়েছে এই বইটিতে।





মূল্য : ৫৫০/-





মূল্য : ৪৫০/-

আত্মকথনে জীবনের যে টুকরো টুকরো ঘটনা এই আখ্যানে লেখক তুলে এনেছেন, তার যোগফল এক জীবনের পক্ষে, যাপনের নিরিখে, খানিক অবিশ্বাস্য বলেই মনে হতে পারে! ইতিহাসের সত্যনিষ্ঠা এবং অভিজ্ঞতালব্ধ উপলব্ধির সম্মিলন এই বইটিকে তাই একটি স্মৃতিচারণমাত্র হয়ে থাকতে দেয় না। এ যেন স্মৃতি-স্ফুলিঙ্গ সংবেদ, যে-কোনো মুহূর্তে যা থেকে হাজার মশাল জ্বলে উঠতে পারে।





মূল্য : ৫৫০/-

'নকশাল বাড়ি আন্দোলন সংক্রান্ত ও পরবর্তী রাজনৈতিক ঘটনার প্রভাব বাস্তবতা, চিন্তা আর মননে যে ছাপ তৈরি করেছে তার এতখানি গভীর বিশ্লেষণ আমরা আগে পড়িনি বাংলায়, বিশেষত নিম্নবর্গের উপস্থাপনায় এবং রাজনীতির ব্যক্তিগত পরিসরের নিরিখে। ঘটনাক্রমের অভিঘাতে সর্বদা স্পন্দিত লেখাগুলোতে প্রতিক্রিয়ার ধরন, তার তীব্রতা সত্ত্বেও, সূক্ষ্ম আর সংবেদনশীল। বুদ্ধি আর সংবেদনের একান্ত মিশ্রণে এ বই বাংলা লেখালিখির জগতে এক সময়ে দুর্লভ ছিল এখন অপ্রাপ্য।'




মূল্য : ৭০০/-

রামকথা অগণন। বাল্মীকির রচনার মধ্যেও তার হদিশ পাওয়া যায়। আদিকবির কথনটিও এক অর্থে 'আদি' নয়, পুনর্কথন। পারফর্ম্যান্সে একথা আরও প্রকট– প্রতিটি অভিনয়ই পুনরুপস্থাপন। তাই পুরোনো হয়েও অভিনব। নাচ-গান-কথকতা-নাটক-পুতুলনাচে বিচিত্র সেই রামকথার ধারাগুলিকেই ফিরে দেখা। পাঠ্যক্রমের বাইরে কীভাবে ছড়ায় সাহিত্য? জ্ঞানতন্ত্র? ভারত জুড়ে নটি সংরূপ, আঠারোজন শিল্পীর সাক্ষাৎকার। ভিন্ন ভিন্ন ভাষা ও সংস্কৃতি অঞ্চল। কথালাপে মানুষের বহুস্তরিত চেতনায় লালিত কত না রামকথা।...রামকথা, সংযোগের হরেক তরিকা, শিল্পকলা, তার সঙ্গে ছড়ানো জীবন– সব মিলিয়ে উঠে আসে বহুরকমের জনস্বর।




মূল্য : ৫০০/-

বারোটা পর্বে পাইথন কম্পিউটিং বিষয়ে অত্যন্ত সহজ করে লেখা হয়েছে এই বইয়ে। একেবারে শুরু থেকে উদাহরণ সহযোগে ধাপে ধাপে শেখানো হয়েছে। বইটা পড়তে পড়তে পাইথন প্রোগ্রামিং-এর নিয়মকানুন বা সিনট্যাক্স শিখে সেগুলো নিজেরাই বিভিন্ন বিষয়ে প্রয়োগ করতে পারবেন। পাশাপাশি পাইথন ডাটা স্ট্রাকচার বা তথ্য কাঠামো শিখে নিয়ে তথ্য বা ডাটা কী করে আয়ত্তে এনে বিশ্লেষণ করা যাবে তা জানতে পারবেন।...বিভিন্ন ডাইমেনশনের পাইথন অ্যারে, গ্রাফপ্লটিং, ছবি আঁকা বা স্কেচ করা, বাইরে থেকে বিশাল ডাটা ফাইল পড়ে তাই দিয়ে কাজ করা, গ্রাফিক্স -এর মাধ্যমে যোগাযোগ স্থাপনের জন্য অ্যাপ বানানো ইত্যাদি নানা কিছু শিখে ফেলা যাবে এই বই পড়ে।























পত্র-পত্রিকা বিষয়ে বিষদে জানতে যোগাযোগ করুন

+91 96740 33267

'তৃতীয় পরিসর'-এর অ্যাপ এবং ওয়েবসাইট অন্তর্গত 'পত্র-পত্রিকার অনলাইন বিপণি' লিটল ম্যাগাজিন বিপণনের ক্ষেত্রকে বিস্তৃত ও সময়োপযোগী করে তোলার পাশাপাশি দেশের নানান জায়গা থেকে প্রকাশিত বাংলা ভাষার বিভিন্ন পত্রিকা, তাদের বৈচিত্র্যময় সংস্কৃতিকে পাঠকের সামনে উপস্থিত করতে চায়; একই সঙ্গে বিস্মৃতির আদিম রোগ থেকে বর্তমান সময়ের বাংলা পত্রিকার বিবিধ প্রয়াসকে বাঁচিয়ে রাখতে এই সংরক্ষণ জরুরি বলে মনে করেই 'তৃতীয় পরিসর'-এর 'পত্র-পত্রিকার অনলাইন বিপণি' গড়ে তোলার এই প্রয়াস। আমাদের এই অনন্য উদ্যোগে সাড়া দিয়েছে, বিভিন্ন জেলার ৭০টিরও বেশি পত্রিকা। স্থানাভাবে রইল তারই সামান্য কিছু নমুনা।

# তৃতীয় পরিসর-এর বইপত্র সংগ্রহ করতে সরাসরি যোগাযোগ করুন

+91 80177 37641
+91 96740 33267

+91 80177 37641
+91 96740 33267

tritiyoparisar@gmail.com
tritiyoparisar.official@gmail.com

62A Dhakuria, East Road,
Post - Haltu, Kolkata -700078

9AM to 6PM